# উপজেলা পরিষদ

## কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ৩৪ তম সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ ও সময়: ১৫/০২/২০২২ খ্রিস্টাব্দ, সকাল- ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য: পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয়। বিগত ১৭/০১/২০২২ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উক্ত কার্যবিবরণীতে ২৩ নং অনুচ্ছেদের বিবিধ-২ নং কলামে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কোম্পানীগঞ্জ কমান্ড এর সাবেক কমান্ডার জনাব আলী হোসেন এর নামে রাস্তার নাম করণের জন্য প্রস্তাবটি মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের পরিবর্তে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্তটি সংশোধনক্রমে অনুমোদন করা হয়। আর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর বিভাগওয়ারি নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি সভাকে জানান যে, ৫৯৭০ হে: বোরো আবাদের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। লাইন লোগো পার্চিং পদ্ধতিতে কৃষকরা জমি রোপন করেছেন। ফেব্রুয়ারি মাসের ১৬০ মে:টন ইউরিয়া এবং ১১৬ মে:টন নন ইউরিয়া বরাদ্দ দেয়ার পরেও বোরো মৌসুম বিবেচনা করে ফেব্রুয়ারি মাসের অতিরিক্ত ৪০ মে:টন ইউরিয়া ও ৪২ মে:টন নন ইউরিয়া ইতিমধ্যে বরাদ্দ দেয়া হয়েছে। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন এর পাশাপাশি পুষ্টিতে জোর দেয়ার জন্য পারিবারিক সবজি ও পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে। প্রতিটি ইউনিয়নে সর্বমোট ৫৫টি যা সংখ্যায় আরো বৃদ্ধি করা হবে। | উপজেলা কৃষি অফিসার কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন এবং উপজেলাধীন অনাবাদী জমিগুলো আবাদের আওতায় আনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরে এডিপির প্রকল্প তালিকা ইউনিয়ন পরিষদ হতে পাওয়া গেছে। প্রাপ্ত প্রকল্প তালিকা অধিকতর যাচাই-বাছাই করা হয়েছে। যাচাই বাছাইকৃত প্রকল্প তালিকা অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। | ২০২১-২২ অর্থ বছরে এডিপির প্রাপ্ত প্রকল্প তালিকা অনুমোদন দেয়া হলো। যা পরিশিষ্ট 'গ' তে দেয়া হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলাধীন ছাত্র/ছাত্রীদের টিকা কার্যক্রম অব্যাহত আছে। কোভিড-১৯ করোনা ভাইরাস প্রতিরোধে সবাইকে ভ্যাকসিনের আওতায় আনা হবে। প্রতি ওয়ার্ডে ওয়ার্ডে ভ্যাকসিন দেয়া হবে। করোনা পরিস্থিতি মোকাবেলা সবাইকে সরকারের দেয়া স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। | মাস্ক পরিধানসহ সবাইকে সকল স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং সঠিকভাবে টিকা কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | পল্লী বিদ্যুৎ | ডেপুটি জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভাকে জানান যে, উপজেলাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনের উপর দিয়ে যাওয়া বৈদ্যুতিক লাইন উপজেলা শিক্ষা অফিসারের আবেদন সাপেক্ষে সরানো হবে। লাইন মেরামতের কারণে বিদ্যুৎ মাঝে মাঝে নিতে হয়। | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনের উপর দিয়ে যাওয়া বৈদ্যুতিক লাইন সরানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজারকে অনুরোধ করা হলো। | ডেপুটি জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, ফেব্রুয়ারি/২০২২ মাসে গবাদি প্রাণির টিকা প্রদান-১৩২০ মাত্রা, হাঁস মুরগীর টিকা প্রদান-১৫০০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা-১২৫০টি, হাঁস মুরগীর চিকিৎসা-৮৭০০টি, ডিম উৎপাদন-১১৫০০টি, রাজস্ব আয়- ৭৯৫০/-। একদিনের হাঁস/মুরগীর বাচ্চা বিতরন ২০০০টি , ঘাস উৎপাদন ৬০ শতক । আত্নকর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র দূরীকরণ প্রকল্পের ছাগল, ভেড়া, হাঁস-মুরগীর ক্ষুদ্র ঋণ আদায়-ক্রমপুঞ্জি আদায় ৩,৯৯,৪৫০/-(তিন লক্ষ নিরান্নব্বই হাজার চারশত পঞ্চাশ) টাকা। | আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু তদারকিসহ গবাদি পশুর রোগ বালাই দমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা মৎস্য কর্মকর্তাকে আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। তবে অভিভাবকদের সাথে শিক্ষকরা যোগাযোগ রাখছেন যাতে শিক্ষার্থীরা বাড়ীতে পড়ায় মনোযোগী হন। অফিসের অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | উপজেলা শিক্ষা অফিসার শিক্ষকদের প্রয়োজনীয় নির্দেশনা দিবেন। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, ছাত্র/ছাত্রীদের ঠিকা কার্যক্রম চলমান রয়েছে। ২য় ডোজ ভ্যাকসিন দেয়া আজ থেকে শুরু হয়েছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান যে, ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০২২ পরবর্তী সময়ে নতুন ভোটার অন্তর্ভুক্ত জাতীয় পরিচয়পত্র সংশোধন, হারানো জাতীয় পরিচয় পত্র ও ভোটার স্থানান্তর কার্যক্রম নিয়মিত চলছে। | আলোচ্য বিষয়ে উপজেলা নির্বাচন অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১০ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর বিভাগের কাজ যথারীতি চলমান রয়েছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তাঁর বিভাগের কাজ বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভাকে জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে অত্র উপজেলায় ১৮-৩৫ বৎসরের বেকার যুবকদের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন। স্থানীয় চাহিদার ভিত্তিতে ৩০ জনের ব্যাচ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক বেকার যুবকদের প্রতিটি ইউনিয়নে অন্তত ৩০ জনের ০১টি ব্যাচ প্রশিক্ষণ প্রদানের জন্য মনোনয়ন পূর্বক তালিকা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। ইতিমধ্যে জানুয়ারি/২২ পর্যন্ত ১০টি ব্যাচে সর্বমোট ৩০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>চলতি অর্থ বছরে অত্র উপজেলার যুব উন্নয়নের প্রশিক্ষিত প্রকল্প গ্রহণকারী যুবদের ৩০ জনকে যুব ঋণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত করা হয়েছে। জানুয়ারি/২০২২ মাস পর্যন্ত ১২ জনকে ঋণ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ১৮ জনকে নির্ধারিত সময়ের মধ্যে ঋণ প্রদান করা হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার যুবদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে কর্মমুখী করার প্রয়োজনীয় সহায়তা করবেন এবং ঋণ বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন করবেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনাযোগ্য বিষয় উপস্থাপন করা হয়নি। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরবর্তী সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | জনস্বাস্থ্য প্রকৌশল | উপ-সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ৮৪টি অগভীর ও ৭২টি গভীর সাবমারসিবল টিউবওয়েলের কাজ শেষ হয়েছে। হাওর অঞ্চলে বরাদ্দকৃত ৭৫টি গভীর সাবমারসিবল এর বোরিং ধাপ শেষে স্ট্রাকচার এর কাজ চলমান আছে। ২৪টি ইমপ্রুভমেন্ট এর মধ্যে ১২টির আরসিসি কাজ শেষ এবং বাকীগুলোর কাজ চলমান রয়েছে। ২০২১-২২ অর্থ বছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প এর ১৫৬টি টিউবওয়েলের মধ্যে ১৪৮টি সাইটের তালিকা পাওয়া গেছে। হাওর অঞ্চলের ৪২টি টিউবওয়েল ১৫টি ইমপ্রুভমেন্ট ল্যাট্রিন ও ৬টি পিট ল্যাট্রিন এর তালিকা পাওয়া গেছে। সহায়ক চাঁদা উত্তোলনের উপর ভিত্তি করে শীঘ্রই কাজ শুরু করা হবে। | সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী সাইটসমূহ সরেজমিন পরিদর্শন করবেন। গভীর/অগভীর নলকূপ স্থাপন করার পর কতফুট স্থাপন করা হয়েছে তা উল্লেখপূর্বক গ্রাহকের কাছ থেকে প্রত্যয়ন নিবেন। | উপ-সহকারি জনস্বাস্থ্য প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভাকে জানান যে, কোম্পানীগঞ্জ উপজেলায় পরিবার পরিকল্পনা বিভিন্ন পদ্ধতি গ্রহিতার হার ৭৫.৪৭%। সক্ষম দম্পতি ২৮৬৩৪ জন। জানুয়ারি/২২ মাসে বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর মধ্যে খাবার বড়ি ৯২৬৯ জন, ইনজেকশন ৪৭০৩ জন, কনডম ১৪৪২ জন। আইইউডি ০২ জন, ইমপ্লান্ট ৬৩ জন। পরিবার পরিকল্পনা কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | পরিবার পরিকল্পনার মান সন্তোষজনক পর্যায়ে রাখতে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় অডিটযোগ্য ১৫১টি প্রাথমিক সমবায় সমিতি ও ০২টি কেন্দ্রীয় সমবায় সমিতি রয়েছে। জানুয়ারি/২২ খ্রি: পর্যন্ত অডিটযোগ্য সমবায় সমিতি সমূহের মধ্যে ৯০% অডিট সম্পন্ন করা হয়েছে।২০১৯-২০ খ্রি: সনের ধার্যকৃত অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল ১০০% আদায় করত: সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে। ২০২০-২১ খ্রি: সনের ধার্যকৃত অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল অডিট সম্পাদনের সাথে সাথে আদায় করত: সরকারি কোষাগারে জমা করা হচ্ছে। তাছাড়া অত্র উপজেলায় ইতিমধ্যে ০২টি ভ্রাম্যমান প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। আগামী ২৮/০২/২০২২ তারিখে অত্র উপজেলায় ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। | উপজেলা সমবায় অফিসার তাঁর বিভাগের সকল কার্যক্রম বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম যথারীতি চলছে। | উপজেলা সমাজসেবা অফিসার বিধিমতে তাঁর বিভাগের কার্যাদি সম্পাদন করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান অফিসার এর প্রতিনিধি সভাকে জানান যে, উপজেলা পরিসংখ্যান বিভাগের আওতায় জনশুমারি শুরু হবে। জনশুমারির রিপোর্ট ৬ মাসের মধ্যে পাওয়া যাবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার তাঁর বিভাগের কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করবেন। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বিক্রয় ও বিতরণের জন্য বিভিন্ন প্রজাতির ফলজ ও বনজ চারা উত্তোলন করা হবে। এছাড়া উপযুক্ত প্রজাতির ১০.০০ হেক্টর বাগান করা হবে। সেই জন্য ১৯,০০০ উপযুক্ত প্রজাতির বিভিন্ন চারা উত্তোলন করা হয়েছে। | উপজেলা বন কর্মকর্তা তাঁর বিভাগের কাজ বিধিমতে পরিচালনা করবেন। | উপজেলা বন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, গোদামে ধান ও চাল পর্যাপ্ত পরিমান মজুদ রয়েছে। ধান ক্রয় কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া অফিসের অন্যান্য কাজ সঠিকভাবে চলছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে বিধিমতে তাঁর বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২১ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভাকে জানান যে, ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। ঋণ আদায়ে মাঠ কর্মীগণ কাজ করছেন। | ঋণ আদায়ে মাঠ কর্মীদের সঠিকভাবে তদারকি করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি অফিসার সভাকে জানান যে, ওয়েব পোর্টালে দপ্তর প্রধানের তথ্য হালনাগাদ এবং সকল দপ্তর অফিসের নামে জিমেইল খোলার অনুরোধ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের আওতাধীন স্কুল সমূহে ল্যাব থাকা প্রয়োজন। তিনি সভাকে আরো জানান যে, উপজেলার তরুন বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য হাইটেক পার্কে কাজের দক্ষতা অর্জন অত্যন্ত গুরুত্বপূর্ণ। উপজেলা পরিষদের মতো ইউনিয়ন পরিষদগুলো এ ব্যাপারে সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণে বিশেষ মনোযোগ দেয়া প্রয়োজন। | ওয়েব পোর্টালে দপ্তর প্রধানের তথ্য আবশ্যিকভাবে হালনাগাদ করতে হবে এবং সকল দপ্তর অফিসের নামে জিমেইল খোলতে হবে। | উপজেলা আইসিটি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | তথ্যকেন্দ্র | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান যে, করোনা পরিস্থিতির কারণে ফেব্রুয়ারি/২০২২ থেকে ২৫ জন সেবাগ্রহিতা নিয়ে মাসে ৪টি উঠান বৈঠক করার নির্দেশনা রয়েছে। এছাড়াও তথ্যকেন্দ্র থেকে একাদশ শ্রেণিতে বিনামূল্যে অনলাইন ভর্তির আবেদন ডিগ্রী ১ম বর্ষের রিলিজ স্লিপের আবেদন, চাকুরী আবেদনসহ করোনা ভ্যাকসিনের নিবন্ধনের আবেদন, টিকা কার্ড, টিকা সনদ বিনামূল্যে এই সেবাসমুহ প্রদান করা হচ্ছে। তথ্যকেন্দ্র থেকে একটি নারী নির্যাতনের মামলা পরিচালনা করা হচ্ছে। | তথ্যকেন্দ্রের কার্যক্রম অনেক সন্তোষজনক।বিনা মূল্যে ভ্যাকসিনের রেজিস্ট্রেশন করার বিষয়টি আরো প্রচার করার অনুরোধ করা হল। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৪ | পল্লী দারিদ্র বিমোচন | পল্লী বিমোচন অফিসার সভাকে জানান যে, প্রণোদনা ঋণ বিতরণ করা হয়েছে ২৭ লক্ষ টাকা ও নারী উদ্যোক্তা ঋণ বিতরণ ২০ লক্ষ টাকা। আদায় কার্যক্রম প্রায় শতভাগ। চাকুরীজীবী ঋণ বিতরণ ১৬ লক্ষ টাকাসহ আন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠূভাবে পরিচালনা করবেন। | পল্লী দারিদ্র বিমোচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৫ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প- ইউজিডিপি | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (জাইকা) এর সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরের সক্ষমতা ও অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্পের প্রস্তাব উপজেলা মাসিক সাধারণ সভায় আলোচনা ও অনুমোদনের জন্য উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক প্রেরণ করা হয়েছে। তিনি উপস্থিত সকলকে অগ্রাধিকার ভিত্তিক উপ প্রকল্পগুলি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন । | সার্বিক দিক বিবেচনা করে এবং প্রকল্পের নির্দেশনা মোতাবেক সর্ব সম্মতিক্রমে উপ-প্রকল্পগুলি অনুমোদন হয় এবং পিএমইউ, স্থানীয় সরকার বিভাগে পাঠানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । উপ প্রকল্পগুলি পরিশিষ্ট 'ঘ' তে দেয়া হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ অফিসার (সকল), কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৬ | বিবিধ-১ | উপজেলা পরিষদের ১৭/০১/২০২২ তারিখের ৩৩ তম সাধারণ সভার কার্যবিবরণীর ২৩ নং অনুচ্ছেদের বিবিধ-২ নং কলামে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কোম্পানীগঞ্জ কমান্ড এর সাবেক কমান্ডার, জনাব আলী হোসেন এর নামে রাস্তার নাম করণের জন্য প্রস্তাবটি মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের পরিবর্তে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে। | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কোম্পানীগঞ্জ কমান্ড এর সাবেক কমান্ডার, জনাব আলী হোসেন এর নামে রাস্তার নাম করণের জন্য প্রস্তাবটি মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের পরিবর্তে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ-২ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় সবাইকে মাস্ক পরিধানসহ সকল স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। করোনা ভাইরাস মোকাবেলায় সবাইকে ভ্যাকসিনের আওতায় নিয়ে আসতে হবে। ভ্যাকসিন নিতে সবাইকে উদ্বুদ্ধ করতে হবে।<br>২। উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদ কোয়ার্টারে বাসাবাড়ীতে যারা অবস্থান করছেন তাদের সবাইকে নিয়মিত বাড়া পরিশোধ করতে হবে। বাসা বরাদ্ধ ছাড়া কেউ থাকতে পারবেন না। যারা বাসাবাড়া দিবেন না তাদের বরাদ্দ বাতিলপূর্বক ব্যবস্থা নেয়া হবে।<br>৩। জনাব মো: আজাদ আহমদ, পরিচ্ছন্নতা কর্মী, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট এর বিরোদ্ধে মৌখিক কিছু অভিযোগ পাওয়া যাচ্ছে। আচরণ বিধি সম্পর্কে তাকে সর্তক করা যেতে পারে। | কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় সবাইকে মাস্ক পরিধানসহ সকল স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে এবং ভ্যাকসিন নিতে সবাইকে উদ্বুদ্ধ করতে হবে।<br>২।যারা বাসা অবস্থান করছেন তারা প্রতিমাসে বাড়া পরিশোধের প্রমাণ পত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করবেন এবং অবস্থানকারী সবাইকে বাসা বরাদ্দ নিতে হবে।<br>৩।জনাব মো: আজাদ আহমদ, পরিচ্ছন্নতা কর্মী, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট তাকে আচরণ বিধি সম্পর্কে সর্তক করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৮ | বিবিধ-৩ | চেয়ারম্যান, ইছাকলস ইউপি সভাকে জানান যে, ইছাকলস ইউনিয়ন এখনো অনেক দিক দিয়ে পিছিয়ে রয়েছে বিশেষ করে যোগাযোগ ব্যবস্থায়। যোগাযোগ ব্যবস্থার আরো উন্নয়ন হলে ইউনিয়নবাসী অনেক উপকৃত হবে। তিনি সভাকে আরো জানান যে, উপজেলা কৃষি অফিসের উপ-সহকারি কৃষি অফিসারগণ মাঠে যান না যার ফলে কৃষকরা প্রয়োজনীয় পরামর্শ ও সেবা থেকে বঞ্চিত হচ্ছেন। | চেয়ারম্যান ইছাকলস ইউনিয়ন পরিষদ ইউনিয়ন পরিষদের সকল উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে তদারকি করবেন এবং কৃষি অফিসার মাঠ পর্যায়ে উপ-সহকারী কৃষি অফিসারগণকে সঠিক তদারকি করবেন। | চেয়ারম্যান, ইছাকলস ইউপি/উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৯ | বিবিধ-৪ | চেয়ারম্যান, ইসলামপুর পশ্চিম ইউপি সভাকে জানান যে, উপজেলা পরিষদের অর্থায়নে উপজেলা পরিষদ মাঠের দক্ষিণ পাশে একটি ভবন নির্মাণ করা হয়েছে যা বিয়াম ল্যাবরেটরী স্কুল ব্যবহার করছেন। এদিকে রুম সংকটের জন্য অনেক দপ্তর বাহিরে বাসা বাড়া নিয়ে অফিস পরিচালনা করছেন। এখন পর্যন্ত উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানকে কোন অফিস কক্ষ দেয়া হয়নি। মহিলা ভাইস চেয়ারম্যান বসার জন্য কোন রুম পাচ্ছেন না। উপজেলা ভূমি অফিসের পাশে বিয়াম ল্যাবরেটরী স্কুলের নিজস্ব জমি ও ভবন রয়েছে । স্কুলের সামনে একটি খেলার মাঠও রয়েছে। বিয়াম ল্যাবরেটরী স্কুলটি স্থানান্তর করলে এক দিকে বিয়াম ল্যাবরেটরী স্কুল পাবে সুন্দর একটি ক্যাম্পাস অন্যদিকে উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যানসহ বিভিন্ন দপ্তরের কার্যাদি সুষ্ঠূভাবে সম্পাদনের জন্য রুমের সংকট দুর হবে। | আলোচনা মতে বিয়াম ল্যাবরেটরী স্কুলটি উপজেলা ভূমি অফিসের পাশে নির্মিত বিয়াম ল্যাবরেটরী স্কুলের নিজস্ব ভবনে স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/চেয়ার ম্যান, ইসলামপুর পশ্চিম ইউপি/অধ্যক্ষ, বিয়াম ল্যাবরেটরী স্কুল, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ৩০ | বিবিধ-৫ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জনান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৫.২০.০০৪.২১-৪৫৪ তাং-১৬/০৮/২০২১ই মূলে কোম্পানীগঞ্জ উপজেলায় ৪,৯৬,০০০/-(চার লক্ষ ছিয়ান্নব্বই হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থ দ্বারা হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক, এ্যান্টিসেপটিক সাবান তিনটি পিআইসি কমিটির মাধ্যমে ক্রয় করা যেতে পারে। | আলোচ্যমতে ৪,৯৬,০০০/-(চার লক্ষ ছিয়ান্নব্বই হাজার) টাকার বরাদ্দ দ্বারা হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক, এ্যান্টিসেপটিক সাবান তিনটি পিআইসি কমিটির মাধ্যমে ক্রয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শামীম আহমদ (শামীম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

নং-০৫.৬০.৯১২৭.০০৫.৩৫.০০২-১১- ১৭৩(৪৫)

তারিখঃ ১৫ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে।

১। জনাব ইমরান আহমদ এমপি, সিলেট-৪ ও মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৭। জেলা.......................................অফিসার, সিলেট।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
৯। চেয়ারম্যান..................................ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, সিলেট। (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হল)
১১।.......................................কোম্পানীগঞ্জ, সিলেট।

১৫/০২/২০২২

লুসিকান্ত হাজং
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।

উপস্থিতির ক্রমানুসারে। পরিশিষ্ট 'ক'

| নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব আয়শা বেগম | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০২ | জনাব শাহ মো: জামাল উদ্দিন | চেয়ারম্যান, ইসলামপুর পশ্চিম ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৩ | জনাব মো: ফয়জুর রহমান | চেয়ারম্যান, উত্তর রণিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৪ | জনাব মো: আলমগীর আলম | চেয়ারম্যান, পূর্ব ইসলামপুর ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৫ | জনাব জামাল উদ্দিন | প্যানেল চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৬ | জনাব মোহাম্মদ নাঈম হাসান | উপজেলা আইসিটি অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৭ | জনাব জিবুন্নাহার বেগম | উপজেলা নির্বাচন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৮ | জনাব মো: জহিরুল হক | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ০৯ | জনাব মো: পারভেজ খান | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ১০ | জনাব মাকসুদা ইয়াসমিন | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১১ | জনাব মো: মিজানুর রহমান | উপজেলা প্রশিক্ষক, আনসার ও ভিডিপি বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১২ | জনাব নির্মল চন্দ্র দাস | উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৩ | ডা: মো: আরিফুল ইসলাম রুবেল | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা এর প্রতিনিধি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৪ | জনাব জনি রঞ্জন দে | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৫ | জনাব মো: আজিজুল হক | উপজেলা সমবায় অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৬ | জনাব রোকসানা আক্তার রত্না | তথ্যসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৭ | জনাব মো: বদিউজ্জামান আহমদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৮ | জনাব মোঃ আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ১৯ | জনাব মো: মোস্তাফিজুর রহমান | উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২০ | জনাব মো: আ: রহমান | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, সিলেট এর প্রতিনিধি। |
| ২১ | জনাব মো: জসীম উদ্দিন | বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২২ | জনাব মো: লাল মিয়া | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৩ | জনাব সাজ্জাদুর রহমান সাজু | চেয়ারম্যান, ইছাকলস ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ,সিলেট। |
| ২৪ | ডা: রাজিব চক্রবর্তী | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৫ | মনোজ কান্তি দাস চৌধুরী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৬ | সজল কান্তি দাস তালুকদার | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৭ | জনাব মো: ওয়াজেদ আলী | সিনিয়র অফিসার, দারিদ্র বিমোচন ব্যাংক, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২৮ | জনাব মো: ইকবাল হোসেন ইমাদ | চেয়ারম্যান, দক্ষিণ রণিখাই ইউপি, কোম্পানীগঞ্জ, সিলেট। |

পরিশিষ্ট 'খ' অনুপস্থিতঃ

১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (অ:দা), কোম্পানীগঞ্জ, সিলেট।
৩।উপজেলা প্রকল্প কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট।
৪।চেয়ারম্যান, তেলিখাই ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা পরিষদের ৩৪তম সভা

তারিখ:- ১৫/০২/২০২২খ্রি:

সময়:-

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | আফরোজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান | [signature] |
| ০২. | কাজী মোহাম্মদ কামরুজ্জামান | ৭ নং ইউপি | [signature] |
| ০৩. | মোঃ হাফিজুর রহমান | চেং [illegible] ইউপি | [signature] |
| ০৪. | মো. আলমগীর [illegible] | ২ নং [illegible] ইউপি | [signature] |
| ০৫. | [illegible] উদ্দিন | প্যানেল চেয়ারম্যান-১ [illegible] | [signature] |
| ০৬. | মোহাম্মদ নাজমুল হাসান | উপজেলা নির্বাহী অফিসার গোপালগঞ্জ সদর | [signature] |
| ০৭. | [illegible] উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিসার | [signature] |
| ০৮. | মো: রফিকুল ইসলাম UEO | উপজেলা শিক্ষা অফিসার | [signature] |
| ০৯. | মো: পারভেজ খান | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী | [signature] |
| ১০. | [illegible] ইসলাম | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | [signature] |
| ১১. | মোঃ মিজানুর রহমান | উপজেলা প্রকৌশলী | [signature] |
| ১২. | নির্মল চন্দ্র দাস | [illegible] | [signature] |
| ১৩. | ডা. আরিফুল ইসলাম [illegible] | মেডিকেল অফিসার | [signature] |
| ১৪. | জনি রঞ্জন দে | সমাজসেবা কর্মকর্তা | [signature] |
| ১৫. | মোঃ আতিকুল হক | উপজেলা সমবায় কর্মকর্তা | [signature] |
| ১৬. | রোকসানা আক্তার রুমা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | [signature] |
| ১৭. | মো: [illegible] | মাধ্যমিক শিক্ষা অফিসার | [signature] |
| ১৮. | মো: আব্দুল মান্নান | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | [signature] |
| ১৯. | মোঃ মোস্তাফিজুর রহমান | কৃষি সম্প্রসারণ অফিসার | [signature] |
| ২০. | মো: [illegible] | উপ-সহকারী প্রকৌশলী এলজিইডি | [signature] |
| ২১. | মোঃ [illegible] | [illegible], গোপালগঞ্জ | [signature] |
| ২২. | মোঃ [illegible] | | [signature] |
| ২৩. | মো: মাহবুবুর রহমান [illegible] | চেয়ারম্যান ৪ নং ইউপি | [signature] |
| ২৪. | ডাঃ রাকিব চৌধুরী | ULO, গোপালগঞ্জ | [signature] |
| ২৫. | [illegible] | [illegible] গোপালগঞ্জ | [signature] |
| ২৬ | বিশ্বজিৎ [illegible] | UPIO, গোপালগঞ্জ | [signature] |
| ২৭. | মৃণাল কান্তি চৌধুরী | D.G.M. BREB | [signature] |
| ২৮. | সজল কান্তি [illegible] | BM, পল্লী সঞ্চয় ব্যাংক | [signature] |
| ২৯. | মো: ইকবাল হোসেন [illegible] | চেয়ারম্যান [illegible] ইউপি | [signature] |
| ৩০. | | | |